শিক্ষার আলোয় গড়ে তুলতে হবে দক্ষ প্রজন্ম

মেয়েরা সমাজের বোঝা নয়, বরং সঠিক শিক্ষার মাধ্যমে তাদের দক্ষ মানবসম্পদে পরিণত করতে হবে।

মঙ্গলবার মেহেরপুরের গাংনীতে আয়োজিত এক সচেতনতামূলক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট শিল্পী রানী রায় এ কথা বলেন।

গাংনী উপজেলা প্রশাসন ও বামন্দী ইউনিয়ন পরিষদের যৌথ আয়োজনে বামন্দী বাজার প্রাঙ্গণে এই সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) আনোয়ার হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক শিল্পী রানী রায় মাদক, অনলাইন জুয়া, মোবাইল আসক্তি, বাল্যবিবাহ, নারী নির্যাতন, ইভটিজিং ও আত্মহত্যা প্রতিরোধে জোরালো আহ্বান জানান। তিনি বলেন, “মাদক নির্মূল করতে হলে শিক্ষার মানোন্নয়ন অপরিহার্য। শিক্ষার্থীদের পুঁথিগত বিদ্যার পাশাপাশি ভালো কাজের সঙ্গে সম্পৃক্ত থাকতে হবে। তবেই সামাজিক অবক্ষয় রোধ করা সম্ভব।

বাল্যবিবাহের কুফল তুলে ধরে তিনি আরও বলেন, “বাল্যবিবাহের কারণে সমাজে বিবাহবিচ্ছেদের হার আশঙ্কাজনকভাবে বাড়ছে।

আমাদের অভিভাবকদের সচেতন হতে হবে এবং মেয়েদের সুশিক্ষিত করে গড়ে তুলতে হবে। নারীদের কখনোই সমাজের বোঝা মনে করা যাবে না।নারীরা বোঝা নয়, শিক্ষার আলোয় গড়ে তুলতে হবে দক্ষ প্রজন্ম।

বিশেষ অতিথির বক্তব্যে মেহেরপুরের পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় সামাজিক নিরাপত্তা ও আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশের পাশাপাশি সাধারণ মানুষের সচেতনতা ও সহযোগিতার ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মুক্তিযোদ্ধা ডা. নুরুল হুদা। এ সময় গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, বামন্দী ইউনিয়ন বিএনপির সভাপতি রাশিদুল ইসলাম সোহাগ, উপজেলা যুবদলের সভাপতি জাহিদুল ইসলাম জাহিদ, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব হারুন অর রশীদ বাচ্চু, যুবদল নেতা সম্রাট বিশ্বাস, বামন্দী

ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান শাহ আলমসহ স্থানীয় ইউপি সদস্য, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, মাদকমুক্ত এবং সুন্দর সমাজ গড়তে প্রশাসনের পাশাপাশি প্রতিটি নাগরিককে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখতে হবে।

মেহেরপুরে জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্ণামেন্ট প্রচারণা সংক্রান্ত উপ-কমিটির সভা

মেহেরপুরে জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্ণামেন্ট প্রতিযোগীতার প্রচারণা সংক্রান্ত উপ-কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে অতিরিক্ত জেলা প্রশাসকের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলামের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফারুক হোসেন, জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব রকিবুল হাসান রিপন, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মাসুদ, জেলা ক্রীড়া অফিসার আরিফুর রহমান, সাংবাদিক মিজানুর রহমান।

সভাপতির বক্তব্য অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম বলেন, বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর থেকে সব ধরণের খেলার প্রতি গুরত্ব আরোপ করেছেন।

ফুটবল টুর্ণামেন্টের পরেই ক্রিকেট টুর্ণামেন্টের আয়োজন করা হবে। গ্রামে গঞ্জে যাতে খেলাধুলা ছড়িয়ে পড়ে, তরুণরা যাতে মাদক ও মোবাইল আসক্ত থেকে বেরিয়ে আসতে পারে সরকার সে ব্যাপারে বদ্ধ

পরিকর। সরকারের আকাঙ্খা বাস্তবায়নে জেলা প্রশাসন খেলাকে গুরত্ব দিচ্ছে।

সভায় জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্ণামেন্ট সফল ও পুরো জেলায় ছড়িয়ে দিতে প্রচারণা কমিটির গুরত্ব তুলে ধরা হয়। মেহেরপুরের সকল ক্রীড়াপ্রেমি ও তরুণদের মাঝে টুর্ণামেন্টের বার্তা পৌছে দিতে প্রচারণ-প্রচারণা বৃদ্ধি করতে হবে।

মেহেরপুর প্রতিদিনসহ জেলায় গণমাধ্যম কমীর্রা যাতে টুর্ণামেন্ট সংবাদ মাধ্যমে প্রচারের মাধ্যমে টুর্ণামেন্টের সফলতা বয়ে আনতে পারে সেক্ষেত্রে সাংবাদিকদের প্রতিও আহবান জানানো হয়।

উল্লেখ্য, জেলা প্রশাসক গোল্ড কাপ টুর্ণামেন্টের উপজেলা পর্যায়ের প্রতিযোগীতা ইতিমধ্যে শুরু হয়েছে। তিন উপজেলা চ্যাম্পিয়ন ও মেহেরপুর পৌরসভা টিম নিয়ে জেলা পর্যায়ের টুর্ণামেন্ট অনুষ্ঠিত হবে। তবে দিনক্ষণ পরে জানানো হবে।

খেলাধুলার মাধ্যমেই গড়ে উঠবে মাদকমুক্ত সমাজ

মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায় বলেছেন, আজ যারা খেলায় অংশগ্রহণ করবেন এবং যারা খেলা উপভোগ করবেন, সবাইকে আমি মাদককে ‘না’ বলার আহ্বান জানাই। শুধু খেললেই হবে না, আমাদের সবাইকে মাঠে এসে খেলাধুলাকে উৎসাহিত করতে হবে।

আমরা সবাই মিলে খেলা দেখব এবং সব সময় মাঠকে প্রাণবন্ত রাখব।

শিক্ষার্থীরা লেখাপড়ার পাশাপাশি নিয়মিত খেলাধুলা করবে অথবা খেলা উপভোগ করবে। তাহলেই আমাদের স্লোগান ‘মাদককে না বলি, সবাই মিলে খেলতে চলি’ বাস্তবে সফল করা সম্ভব হবে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে গতকাল সোমবার বিকেল ৫টায় চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের খেলার মাঠে জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠান প্রধান

অতিথির বক্তব্যে এসকল কথা বলেন তিনি। এ সময় তিনি বেলুন উড়িয়ে এবং ট্রফি উন্মোচনের মাধ্যমে খেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বাবলু সূত্রধর ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান।

বাবলু সূত্রধর বলেন, এ ধরনের ফুটবল টুর্নামেন্টের আয়োজন আমাদের সমাজকে মাদকের ভয়াবহতা থেকে দূরে রাখতে এবং তরুণদের খেলাধুলায় উদ্বুদ্ধ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

যারা খেলায় অংশগ্রহণ করেছেন, তারা সবাই হার-জয়কে খেলাধুলার স্বাভাবিক অংশ হিসেবে মেনে নেবেন। পাশাপাশি খেলোয়াড়, আয়োজক ও দর্শকদের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য, ভ্রাতৃত্ববোধ এবং শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানাই।

অ্যাড. কামরুল হাসান বলেন, এই ফুটবল টুর্নামেন্টের মাধ্যমে আমরা মেহেরপুরকে মাদকমুক্ত করতে চাই। আমাদের বিশ্বাস, খেলাধুলার প্রসার তরুণদের মাদক থেকে দূরে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

মাদকের ভয়াবহতা অনেক সময় সিগারেটের মতো ক্ষতিকর অভ্যাস থেকে শুরু হয়। তাই খেলোয়াড়, ক্রীড়াপ্রেমী এবং সমাজের প্রতিটি মানুষের উচিত ধূমপান ও মাদক থেকে দূরে থাকা। আসুন, সবাই মিলে খেলাধুলাকে উৎসাহিত করি এবং একটি সুস্থ, সুন্দর ও মাদকমুক্ত সমাজ গড়ে তুলি।

এছাড়াও এসময় পৌর ডিগ্রী কলেজের অধ্যক্ষ ও সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমির মাহবুব উল আলম প্রমুখ বক্তব্য রাখেন।

এসময় সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা জামায়াতে ইসলামীর সূরা কমিটির সদস্য ও সেক্রেটারি মো. ইকবাল হুসাইন, সদর উপজেলা আমির সোহেল রানা, সদর উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম, জেলা ক্রীড়া সংস্থার সদস্যসচিব রাকিবুল হাসান রিপন, সদর উপজেলা ক্রীড়া সংস্থার সদস্যসচিব আয়ুব হোসেন, চাঁদবিল শেরে বাংলা ক্লাবের সভাপতি মাজেদ আলীসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, ক্রীড়া সংগঠক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ম্যাচে বুড়িপোতা ইউনিয়ন ১-০ গোলে পিরোজপুর ইউনিয়নকে পরাজিত করে সেমিফাইনালে ওঠে।

ম্যাচের দ্বিতীয়ার্ধের ২৪তম মিনিটে বদলি খেলোয়াড় সোলায়মান জয়সূচক গোলটি করেন। ডি-বক্সের বাইরে থেকে শামীমের নেওয়া ফ্রি-কিক আনমার্ক অবস্থানে থাকা সোলায়মানের কাছে পৌঁছালে তিনি প্রথম স্পর্শেই জোরালো শটে বল জালে পাঠান। তার করা একমাত্র গোলেই বুড়িপোতা ইউনিয়ন মূল্যবান জয় তুলে নিয়ে সেমিফাইনালে নিজেদের স্থান নিশ্চিত করে।

দ্বিতীয় ম্যাচ অনুষ্ঠিত হবে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে, যেখানে শ্যামপুরের প্রতিপক্ষ কুতুবপুর। তৃতীয় ম্যাচে চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে বারাদি ও আমদহ একে অপরের মুখোমুখি হবে।

আয়োজক সূত্রে জানা গেছে, প্রথম ম্যাচের বিজয়ী ও দ্বিতীয় ম্যাচের বিজয়ী ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে প্রথম সেমিফাইনালে খেলবে। তৃতীয় ম্যাচের বিজয়ী ও আমঝুপি ইউনিয়নের গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠের বিজয়ী দল দ্বিতীয় সেমিফাইনালে অংশ নেবে।

ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে, যেখানে দুই সেমিফাইনালের বিজয়ী দল শিরোপার জন্য লড়বে।

আজ শুরু হচ্ছে মেহেরপুর জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট

“মাদককে না বলি, সবাই মিলে খেলতে চলি” প্রতিপাদ্যে মেহেরপুর জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের ২০২৬ উদ্বোধন আজ অনুষ্ঠিত হবে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে আজ সোমবার বিকেল ৪টায় চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের খেলার মাঠে টুর্নামেন্টের

উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মুখোমুখি হবে বুড়িপোতা ও পিরোজপুর। দ্বিতীয় ম্যাচ অনুষ্ঠিত হবে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে, যেখানে শ্যামপুরের প্রতিপক্ষ কুতুবপুর। তৃতীয় ম্যাচে চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে বারাদি ও আমদহ একে অপরের মুখোমুখি হবে।

আয়োজক সূত্রে জানা গেছে, প্রথম ম্যাচের বিজয়ী ও দ্বিতীয় ম্যাচের বিজয়ী ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে প্রথম সেমিফাইনালে খেলবে। তৃতীয় ম্যাচের বিজয়ী ও আমঝুপি ইউনিয়নের গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠের বিজয়ী দল দ্বিতীয় সেমিফাইনালে অংশ নেবে।

ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে, যেখানে দুই সেমিফাইনালের বিজয়ী দল শিরোপার জন্য লড়বে। তরুণ সমাজকে মাদক থেকে দূরে রেখে খেলাধুলার প্রতি আগ্রহী করে তুলতেই এ টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে।

মেহেরপুরে বৃত্তি পেল ৩৩২ শিক্ষার্থী

২০২৫ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এ বছর মেহেরপুর জেলায় মোট ৩৩২ জন শিক্ষার্থী বৃত্তি লাভ করেছে। এর মধ্যে ট্যালেন্টপুল বৃত্তি পেয়েছে ১৪৯ জন এবং সাধারণ বৃত্তি পেয়েছে ১৮৩ জন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, মেহেরপুর সদর উপজেলায় সরকারি বিদ্যালয় থেকে ট্যালেন্টপুল বৃত্তি পেয়েছে ৪৯ জন এবং বেসরকারি বিদ্যালয় থেকে ৯ জন, মোট ৫৮ জন শিক্ষার্থী। সাধারণ বৃত্তি পেয়েছে সরকারি বিদ্যালয় থেকে ৪৪ জন এবং বেসরকারি বিদ্যালয়

থেকে ১৩ জন, মোট ৫৭ জন।

গাংনী উপজেলায় সরকারি বিদ্যালয় থেকে ট্যালেন্টপুল বৃত্তি পেয়েছে ৫১ জন এবং বেসরকারি বিদ্যালয় থেকে ১৭ জন, মোট ৬৮ জন। সাধারণ বৃত্তি পেয়েছে সরকারি বিদ্যালয় থেকে ৬৭ জন এবং বেসরকারি বিদ্যালয় থেকে ২৬ জন, মোট ৯৩ জন শিক্ষার্থী।

মুজিবনগর উপজেলায় সরকারি বিদ্যালয় থেকে ট্যালেন্টপুল বৃত্তি পেয়েছে ২০ জন এবং বেসরকারি বিদ্যালয় থেকে ৩ জন, মোট ২৩ জন। সাধারণ বৃত্তি পেয়েছে সরকারি বিদ্যালয় থেকে ২৯ জন এবং বেসরকারি বিদ্যালয় থেকে ৪ জন, মোট ৩৩ জন শিক্ষার্থী।

সারা দেশে প্রাথমিক বৃত্তি পরীক্ষা-২০২৫ এ মোট ৭৯ হাজার ২৪৬ জন শিক্ষার্থী বৃত্তি পেয়েছে। এর মধ্যে ট্যালেন্টপুল বৃত্তি পেয়েছে ৩২ হাজার ৯৬৫ জন এবং সাধারণ বৃত্তি পেয়েছে ৪৬ হাজার ২৮১ জন।

বৃত্তিপ্রাপ্তদের মধ্যে ছাত্র ৩৫ হাজার ৮৯২ জন (৪৫ দশমিক ২৯ শতাংশ) এবং ছাত্রী ৪৩ হাজার ৩৫৪ জন (৫৪ দশমিক ৭১ শতাংশ)।

গতকাল রোববার দুপুরে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন এ তথ্য জানান।

সার কেলেঙ্কারির মামলায় বিএনপি নেতা কারাগারে

মেহেরপুরে বিএনপির একজন গুরুত্বপূর্ণ নেতা, আবার একই সঙ্গে জেলা সার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক। কিন্তু সেই নেতার বিরুদ্ধেই উঠেছে সরকারি সার পাচারের অভিযোগ। প্রায় দুই বছর আগে অন্তর্বর্তী সরকারের শাসনামলে ৪৬০ বস্তা সরকারি ডিএপি সারসহ একটি ট্রাক আটকের ঘটনায় পুলিশের দেওয়া চার্জশিটে পাঁচ আসামির একজন তিনি।

দীর্ঘদিন আদালতে হাজির না হওয়ায় জারি হয় গ্রেপ্তারি পরোয়ানা।

আবু তালেব ওরফে রিপন (৪২), উজলপুর গ্রামের মো. সজল (২৭), মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামের মো. সোহরাব হোসেন (৫৩), গাংনী উপজেলার সহোগলপুর গ্রামের মো. আব্দুস সালাম (৩৯) এবং বরিশালের গৌরনদী উপজেলার হরহর গ্রামের মো. আনোয়ার হোসেন বেপারী (৪৮)।

তদন্ত প্রতিবেদনে বলা হয়েছে, জব্দ করা সারগুলো পাচারের উদ্দেশ্যে পরিবহন করা হচ্ছিল এবং এ ঘটনায় আসামিদের প্রত্যক্ষ সংশ্লিষ্টতার প্রাথমিক প্রমাণ পাওয়া গেছে। আদালতের নির্দেশে জব্দ করা ৪৫৯ বস্তা সার নিলামে বিক্রি করে ৪ লাখ ১৪ হাজার ৮০০ টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে।

এদিকে সরকারি সার পাচারের মতো ঘটনায় সরকার দলীয় একজন রাজনৈতিক নেতার নাম আসায় মেহেরপুরের রাজনৈতিক অঙ্গনেও আলোচনা সমালোচনার সৃষ্টি হয়েছে।

মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক নাসির উদ্দিন বলেন, ‘রাজনীতি করার পাশাপাশি আমি নিজেও একজন কৃষক। এবার ছয় বিঘা জমিতে ধান চাষ করেছি। কিন্তু বিএনপির রাজনীতির সঙ্গে সংশ্লিষ্ট থেকেও আমাকে চড়া মূল্যে কালোবাজারিদের কাছ থেকে সার কিনতে হয়েছে। অথচ সদর উপজেলা বিএনপির নেতা এবং সার ব্যবসায়ীদের নেতা হয়েও সোহরাব হোসেন মেহেরপুর জেলার কোটার সার অন্য জেলায় কালোবাজারিতে বিক্রি করতে গিয়ে ধরা পড়েছেন। বিষয়টি সত্যিই লজ্জার।’

এ বিষয়ে বক্তব্য জানতে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাবেদ মাসুদ মিল্টনের মোবাইল ফোনে একাধিকবার কল দেওয়া হলেও তা রিসিভ হয়নি।

তবে মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ আহমেদ বলেন, ‘মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেনের বিরুদ্ধে এ বিষয়ে আমরা এখনো কোনো আনুষ্ঠানিক সিদ্ধান্ত গ্রহণ করিনি। কারণ মামলাটি বর্তমান উপজেলা বিএনপির কমিটি গঠনের আগের। তবে এই মামলায় তিনি যদি আদালতে সাজাপ্রাপ্ত হন, তখন দলীয়ভাবে সিদ্ধান্ত নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।’

সরকারি সার পাচারের অভিযোগে উদ্বেগ প্রকাশ করেছেন কৃষকরাও। মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের কৃষক আব্দুল মালেক বলেন, ‘মৌসুম এলেই সার নিয়ে সংকট দেখা দেয়। অনেক সময় নির্ধারিত দামে সার পাওয়া যায় না। যদি সরকারি সার এভাবে পাচার হয়, তাহলে

ক্ষতিগ্রস্ত হই আমরা সাধারণ কৃষকরাই। আমার একটাই দাবি, এ বিষয়ে সরকার যেন কঠোর ব্যবস্থা নেয়।’

একই উপজেলার পিরোজপুর গ্রামের কৃষক নুর ইসলাম বলেন, ‘সারের জন্য আমাদের ঘণ্টার পর ঘণ্টা ডিলারের দোকানে অপেক্ষা করতে হয়। কোথাও কোথাও অতিরিক্ত দামও দিতে হয়। যারা কৃষকের জন্য বরাদ্দ সার পাচার করে, তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া উচিত।’

গোপালগঞ্জের মুকসুদপুর থানার ওসি আবদুল্লাহ আল মামুন বলেন, ‘স্পেশাল ট্রাইবুনাল অ্যাক্টের মামলাটি আমি মুকসুদপুর থানায় যোগদান করার আগের। বর্তমানে মামলাটি বিচারিক পর্যায়ে রয়েছে এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনি কার্যক্রম চলমান।’

সূত্র: এশিয়া পোস্ট

দুর্যোগ মোকাবিলায় মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের প্রস্তুতি সভা

অতিবৃষ্টি ও সম্ভাব্য দুর্যোগ মোকাবিলায় আগাম প্রস্তুতি জোরদার করতে মেহেরপুর সদর উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার সকালে মেহেরপুর সদর উপজেলা পরিষদের হলরুমে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বাবলু সূত্রধর।

সভায় চলমান দুর্যোগপূর্ণ পরিস্থিতি, অতিবৃষ্টি ও সম্ভাব্য জলাবদ্ধতা ও অন্যান্য দুর্যোগ মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সংশ্লিষ্ট সব সরকারি দপ্তর ও সংস্থাকে সর্বোচ্চ সতর্ক অবস্থানে থেকে সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দেওয়া হয়।

দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভায় শুকনো খাবার মজুত, জরুরি চিকিৎসাসেবা নিশ্চিত করা, মেডিকেল টিম প্রস্তুত রাখা এবং স্বেচ্ছাসেবকদের সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বক্তব্য দেন মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. হুমায়ুন কবির, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক বেন ইয়ামিন মুক্তসহ সদর উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা।

সভায় দুর্যোগকালীন সময়ে দ্রুত ও কার্যকর সেবা নিশ্চিত করতে সব দপ্তরের মধ্যে সমন্বয় জোরদার এবং জনসচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। একই সঙ্গে সম্ভাব্য যেকোনো দুর্যোগ মোকাবিলায় সবাইকে নিজ নিজ অবস্থান থেকে প্রস্তুত থাকার আহ্বান জানান উপজেলা নির্বাহী কর্মকর্তা।

মেহেরপুরে জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুরে জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার (১২ জুলাই) সকাল ১০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

সভায় জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করা হয়। এ সময় পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও শান্তিপূর্ণ রাখতে প্রশাসন, জনপ্রতিনিধি, সংশ্লিষ্ট দপ্তর এবং সর্বস্তরের জনগণের সম্মিলিত সহযোগিতা কামনা করেন।

জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের সভাপতিত্বে সভায় আরও উপস্থিত

ছিলেন বিজিবি চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়নের কমান্ডার লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, সরকারি মহিলা কলেজের সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. সাজ্জাদ হোসেন, পিপি নজরুল ইসলাম, মুস্তাফিজুর রহমান তুহিন, জেলা আনসার ও ভিডিপির কমান্ড্যান্ট আল-আমিন, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সঞ্জীব মৃধা, জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপপরিচালক আব্দুস সাত্তার, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তোফাজ্জল হোসেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা কর্মকর্তা মো. আব্দুর রাহীম, জেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাশিদুল হাসান, জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইকবাল হোসেন, জেলা মহিলা দলের সভানেত্রী সাইদাতুন নেসা নয়নসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দ।

এছাড়া সভায় মাদকদ্রব্যের অপব্যবহার, চোরাচালান, অনলাইন জুয়ার নেতিবাচক প্রভাব এবং এসব অপরাধ প্রতিরোধে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

অপরাধ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি এবং সংশ্লিষ্ট সব সংস্থার সমন্বিত উদ্যোগ জোরদারের ওপর গুরুত্বারোপ করা হয়।

সভায় জেলা প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা, জেলার সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

গাংনীতে সাপের কামড়ে সপ্তম শ্রেণির শিক্ষার্থীর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে সাপের কামড়ে জুই খাতুন (১৩) নামে এক সপ্তম শ্রেণির শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। শনিবার দিবাগত রাত ২টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

জুই খাতুন উপজেলার সাহারবাটি গ্রামের জামাল উদ্দিনের মেয়ে এবং স্থানীয় এবাদতখানা মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির ছাত্রী ছিল।

প্রতিবেশী হাসিবুল ইসলাম জানান, শনিবার রাতে বাড়িতে ঘুমিয়ে থাকার সময় বিষধর একটি সাপ জুইকে কামড় দেয়। বিষয়টি টের পেয়ে পরিবারের সদস্যরা তাকে দ্রুত উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান।

সেখানে তার অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে স্থানান্তর করা হয়।

হাসপাতালে নেওয়ার কিছুক্ষণ পর চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

গাংনীতে মোটরসাইকেল ও পাখিভ্যানের মুখোমুখি সংঘর্ষে নিহত ১, আহত ২

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল ও ব্যাটারিচালিত পাখিভ্যানের মুখোমুখি সংঘর্ষে আবুল হাশেম (৭০) নামের এক বৃদ্ধ নিহত হয়েছেন।

গতকাল শনিবার রাত ৯টার দিকে গাংনীর ঝিনেরপুল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় মোটরসাইকেল চালকসহ আরও দুজন গুরুতর আহত হয়েছেন।